



রায়পুর পৌরসভা কার্যালয়

রায়পুর, লক্ষ্মীপুর।

স্মারক নং- রায়ঃ পৌরঃ/বাঃ শাঃ/ইজারা/২০২৫/ ১৫৮

তারিখঃ- ১৯/০৫/২০২৫ইং

“ স্ট্যান্ড ইজারা বিজ্ঞপ্তি ”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রায়পুর পৌরসভাধীন বাস/মিনিবাস/সিএনজি/টেম্পু স্ট্যান্ড কতিপয় শর্ত স্বাপেক্ষে ০১লা জুলাই ২০২৫ইং হতে ৩০ শে জুন ২০২৬ইং পর্যন্ত ১ (এক) বৎসরের জন্য ইজারা প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীগণ ইজারা দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) সিডিউল ক্রম করে সীল মোহরকৃত খামে নিম্নোক্ত অফিস সমূহে রক্ষিত টেন্ডার বাক্সে নির্ধারিত তারিখ পর্যন্ত দাখিল করা যাবে।

দরপত্র গ্রহণ ও বিক্রয়কারী কার্যালয় সমূহঃ-

০১. জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর।
০২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রায়পুর উপজেলা, লক্ষ্মীপুর।
০৩. রায়পুর পৌরসভা কার্যালয়, রায়পুর, লক্ষ্মীপুর।

	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১মবার	০১/০৬/২০২৫ইং	০২/০৬/২০২৫ইং বেলা ২.০০ টা	০২/০৬/২০২৫ইং বিকাল ৪.০০টা
২য়বার	১৬/০৬/২০২৫ইং	১৭/০৬/২০২৫ইং বেলা ২.০০ টা	১৭/০৬/২০২৫ইং বিকাল ৪.০০টা
৩য়বার	২৩/০৬/২০২৫ইং	২৪/০৬/২০২৫ইং বেলা ২.০০ টা	২৪/০৬/২০২৫ইং বিকাল ৪.০০ টা

স্ট্যান্ড/মহাল সমূহ

ক্রঃ নং	স্ট্যান্ডের নাম	কাজিত ইজারা মূল্য	সিডিউল মূল্য (অফেরৎ যোগ্য)
০১.	রায়পুর-ঢাকা ও রায়পুর-চৌমুহনী লোকাল বাস স্ট্যান্ড	৭,৫০,০০০/-	৬,০০০/-
০২.	রায়পুর-চট্টগ্রাম বাস স্ট্যান্ড	১,৫০,০০০/-	৩,০০০/-
০৩.	রায়পুর-হায়দারগঞ্জ, সিএনজি/টেম্পু স্ট্যান্ড (শহীদ মিনার হতে নতুন বাজার পর্যন্ত)	৪,০০,০০০/-	৪,০০০/-
০৪.	রায়পুর-ফরিদগঞ্জ, রামগঞ্জ, সিএনজি/টেম্পু স্ট্যান্ড (এস.এ পরিবহন অফিস থেকে পৌরসভা গেইট পর্যন্ত)	৬,০০,০০০/-	৫,০০০/-
০৫.	রায়পুর-লক্ষ্মীপুর, বাবুরহাট, বাংলা বাজার, হাজী মারা, সিএনজি/টেম্পু/ যাত্রীবাহী পিক-আপ স্ট্যান্ড (আট স্কুলের দক্ষিণে)	৭,৫০,০০০/-	৬,০০০/-
০৬.	রায়পুর হতে মীরগঞ্জ রোড সিএনজি/টেম্পু স্ট্যান্ড (পাটওয়ারী বাড়ী হতে ফারুকিয়া মাদ্রাসা এর মধ্যে)	৫০,০০০/-	২,০০০/-
০৭.	পীর ফয়জুল্লাহ রোড হতে-কাপিলাতলী সিএনজি/টেম্পু স্ট্যান্ড (সর্দার বাড়ী হতে জিনের মসজিদ পর্যন্ত)	৫০,০০০/-	২,০০০/-
০৮.	পোষ্ট অফিস রোড হতে চরপাতা সিএনজি/টেম্পু স্ট্যান্ড (পৌর সুপার মার্কেটের পরে)	৫০,০০০/-	২,০০০/-

শর্তসমূহঃ

০১. ইংরেজি ২০২৫ সনের ১লা জুলাই হইতে ২০২৬ সনের ৩০শে জুন পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদে স্ট্যান্ড ইজারা দেওয়া হইবে।
০২. তফসিলে বর্ণিত সকল মহালের ক্ষেত্রে উদ্ধৃত দরের ইজারা মূল্য ১০০%, ভ্যাট ১৫%, আয়কর ১০% এবং জামানত ৫% এর টাকা যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে আলাদা আলাদা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রশাসক, রায়পুর পৌরসভা বরাবরে দাখিল করিতে হবে।
০৩. আয়কর ১০% এবং ভ্যাট ১৫% ও সরকার কর্তৃক আরোপিত অন্যান্য কর ইজারা মূল্যের অতিরিক্ত হিসাবে ইজারাদারকে বহন করিতে হবে।
০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট স্ট্যান্ড/হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

০৫. এক স্ট্যান্ড/হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক স্ট্যান্ড/হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রি করা হইবে না। এক দফার জন্য বিক্রিকৃত দরপত্র অন্য দফার আহবানকৃত স্ট্যান্ড/হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।
০৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও স্ট্যান্ড/হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
০৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাদিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।
০৮. প্রত্যেক স্ট্যান্ড/হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।
০৯. ইজারাদার কোন ক্রমেই প্রাপ্ত স্ট্যান্ড অন্যের নিকট সাবলীজ দিতে পারবেন না।
১০. দরপত্র দাখিলের সময় ২ কপি পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয় পত্রের ফটোকপি দরপত্রের সহিত দাখিল করিতে হইবে এবং দরপত্র গৃহীত হবার ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করিতে হবে।
১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
১২. ইজারাদার কর্তৃক সকল অবকাঠামো রক্ষণাবেক্ষণসহ পরিষ্কার পরিচ্ছন্নতা করবেন।
১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করিবে।
১৪. কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক স্ট্যান্ড/হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকি অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।
১৬. স্ট্যান্ড/হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হইবে।
১৭. নির্দিষ্ট স্থানের/জায়গার বাহিরে গাড়ি অবস্থান/পার্কিং করিলে আইনাগত ব্যবস্থা নেয়া হবে।
১৮. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।
১৯. কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ছাড়া যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
২০. ১ম বার দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র পাওয়া না গেলে বা দাখিলকৃত দরপত্র সন্তোষজনক না হলে পরবর্তী দরপত্র দাখিলের তারিখে নির্ধারিত স্থানে দরপত্র গ্রহণ করা হবে। এই ইজারা বিজ্ঞপ্তি ব্যতীত অন্য কোন ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হইবে না।

(মোঃ ইমরান খান)
প্রশাসক

রায়পুর পৌরসভা, লক্ষ্মীপুর
তারিখঃ- ১৯/০৫/২০২৫ ইং

স্মারক নং- রায়ঃ পৌরঃ/বাঃ শাঃ/ইজারা/২০২৫/ ১৫৮(১০০)

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০৩. পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
০৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, রায়পুর উপজেলা, লক্ষ্মীপুর।
০৫. সহকারী কমিশনার (ভূমি), রায়পুর উপজেলা, লক্ষ্মীপুর।
০৬. উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, লক্ষ্মীপুর।
০৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রায়পুর থানা, রায়পুর, লক্ষ্মীপুর।
০৮. জনাব/জনাবা , সহায়ক সদস্য, রায়পুর পৌরসভা, লক্ষ্মীপুর।
০৯. পৌর নির্বাহী কর্মকর্তা, রায়পুর পৌরসভা, লক্ষ্মীপুর।
১০. সহকারী প্রকৌশলী, রায়পুর পৌরসভা, লক্ষ্মীপুর।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা, রায়পুর পৌরসভা, লক্ষ্মীপুর।
১২. জনাব/জনাবা প্রাক্তন ইজারাদার,
স্ট্যান্ড, রায়পুর, লক্ষ্মীপুর।
১৩. সম্পাদক, বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ১ (এক) দিন মাত্র ৯/৬" প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৪. মেসার্স মাইক সার্ভিস, রায়পুর, লক্ষ্মীপুর বিজ্ঞপ্তিটি সমগ্র পৌর এলাকায় একদিন প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১৫. অফিস নথি/ নোটিশ বোর্ড।

(মোঃ ইমরান খান)
প্রশাসক

রায়পুর পৌরসভা, লক্ষ্মীপুর